

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং ১৩-আইন/২০২১।—ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০ নং আইন) এর ধারা ৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি গঠন, উহার কার্যপরিধি নির্ধারণ ও সভা সংক্রান্ত নিম্নরূপ বিধান করিল, যথা :—

১। ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি গঠন।—(১) ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রম তদারকির জন্য, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি গঠন করা হইল, যথা :—

- (ক) অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি ইহার সভাপতিও হইবেন;
- (খ) শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী;
- (গ) বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী;
- (ঘ) প্রধানমন্ত্রীর উপদেষ্টা (বেসরকারি শিল্প ও বিনিয়োগ);
- (ঙ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী;
- (চ) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- (ছ) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
- (জ) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড;
- (ঝ) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়;

(৮০৭)

মূল্য : টাকা ৪.০০

- (এ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- (ট) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;
- (ঠ) সচিব, বিদ্যুৎ বিভাগ;
- (ড) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ;
- (ঢ) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ;
- (ণ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;
- (ত) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ;
- (থ) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক);
- (দ) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই);
- (ধ) প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই);
- (ন) প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই);
- (প) মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, যিনি ইহার সদস্য সচিবও হইবেন।

(২) ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি, প্রয়োজন মনে করিলে, সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে উহার সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

২। ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটির কার্যপরিধি।—ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ওয়ান স্টপ সার্ভিসের সেবার হালনাগাদ কার্যক্রম ও অগ্রগতি পর্যালোচনা এবং প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান;
- (খ) সেবা প্রদানকারী সংস্থাসমূহের সহিত কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের সম্পাদিত বা সম্পাদিতব্য Standard Operating Procedure (SOP) বিষয়ে পর্যালোচনা, এবং সম্পাদিত SOP অধিকতর ব্যবসা বান্ধব ও যুগোপযোগী করিবার নির্দেশনা প্রদান;
- (গ) অনলাইনে সেবা প্রদান নিশ্চিত করিবার উদ্দেশ্যে ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কার্যক্রমের পরিস্থিতি পর্যালোচনা ও নির্দেশনা প্রদান;
- (ঘ) অনলাইনে প্রদত্ত তথ্য সংরক্ষণ ও উহার নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে নির্দেশনা;
- (ঙ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- (চ) নির্ধারিত সময়ে সেবা প্রদানে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী দপ্তর বা সংস্থাকে উপযুক্ত নির্দেশনা প্রদান;

- (ছ) ওয়ান স্টপ সার্ভিসে প্রদত্ত সুবিধা অংশীদারগণকে অবহিত করিবার লক্ষ্যে গৃহীত প্রচার কার্যক্রম পর্যালোচনা এবং উহা অধিকতর কার্যকর করিবার জন্য নির্দেশনা প্রদান;
- (জ) ওয়ান স্টপ সার্ভিসের সেবার মান উন্নত করিবার উদ্দেশ্যে সরকারকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান; এবং
- (ঝ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পর্যালোচনা এবং পরিবীক্ষণপূর্বক নির্দেশনা প্রদান।

৩। ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটির সভা।—(১) ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি প্রতি ৬ (ছয়) মাস অন্তর একটি সভা অনুষ্ঠান করিতে পারিবে, তবে কমিটি প্রয়োজনবোধে, যে কোনো সময় সভা অনুষ্ঠান করিতে পারিবে।

(২) ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটির সভাপতির অনুমোদনক্রমে, কমিটির সদস্য সচিব সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণপূর্বক সভা আহ্বান করিবেন।

(৩) ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি ওয়ান স্টপ সার্ভিসে প্রদত্ত সেবা সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তি বা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকিবার জন্য নির্দেশনা প্রদান করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আনিসুর রহমান

পরিচালক-১।